



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং- ০১(৮৯৬)জাতীগবিঃ/প্রশাঃ/২০১০(অংশ-৩)/১/০৮

তারিখ : ২৮ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
১২ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদে নিয়োগের লক্ষ্যে জনসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে Online-এ আবেদন আহ্বান করা যাইতেছে :


ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল (গ্রেড) এবং পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	সহকারী অধ্যাপক (সমাজবিজ্ঞান, অর্থনীতি, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান) বেতন স্কেল : ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬) পদের সংখ্যা : প্রতি বিষয়ে ০১ (এক)টি	১. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে মানবিক ও ব্যবসায় প্রশাসন শাখার জন্য ন্যূনতম জিপিএ ৪.২৫ থাকিতে হইবে। বিজ্ঞান শাখার জন্য ন্যূনতম ৪.৫০ থাকিতে হইবে। ২. সংশ্লিষ্ট বিভাগে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। ৩. সংশ্লিষ্ট অনুষদভুক্ত প্রার্থীদেরকে- ক) বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/আইন অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে। খ) কলা, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে। ৪. স্নাতকোত্তর ডিগ্রিপ্ৰাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। ৫. এমফিল ডিগ্রিপ্ৰাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ২ (দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। ৬. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে ন্যূনতম ১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। ৭. স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড জার্নাল) ন্যূনতম ৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে, যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ১ (এক)টি প্রকাশনা থাকিতে হইবে।

শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীদের আগামী ১২-০৮-২০২১ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/jobs এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করিতে হইবে। উক্ত Application Form ও নিয়োগ বিজ্ঞপ্তি ১৪-০৭-২০২১ তারিখ হইতে বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাইবে।
- চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে। প্রার্থীদেরকে সকল পরীক্ষা পাশের সনদপত্র, প্রকাশনার (যদি থাকে) সমর্থনে সত্যায়িত প্রমাণক-এর কপি, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, জাতীয়তা সনদপত্র, চাকুরীরত হলে কর্তৃপক্ষের অনুমতি পত্র-এর কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form-এর নির্ধারিত অংশে Upload করিতে হইবে।
- বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সমতা নিরূপণ সনদপত্র-এর কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form-এর নির্ধারিত অংশে Upload করিতে হইবে।

8. **Online Application Form**-এর প্রিন্ট কপিসহ সকল ডকুমেন্টস্ এবং প্রকাশনার সত্যায়িত কপি ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/হাতে হাতে ১২-০৮-২০২১ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ ঠিকানায় পৌঁছাইতে হইবে। অন্যথায় আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।
৫. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখায় বর্ণিত পদের জন্য ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা সোনালী সেবার পে-স্লিপ-এর মাধ্যমে জমা দিতে হইবে।
- পে-স্লিপ সংগ্রহ ও জমাদানের নিয়মাবলী :
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/jobs এ Online Application Form যথাযথভাবে পূরণপূর্বক Submit করার পর User ID ও Password দিয়ে Login করে Pay-slip ডাউনলোড করে সোনালী সেবার মাধ্যমে সোনালী ব্যাংকের যেকোন শাখায় জমা দিতে হইবে।
- Online Application Form** পূরণের নির্ধারিত তারিখ ও সময়ের পরে টাকা জমা দিলে সে দায়-দায়িত্ব ব্যাংক অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করিবে না।
৬. প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষা/নির্বাচনী বোর্ড-এর তারিখ ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে পত্র মারফত/SMS-এর মাধ্যমে/বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হইবে। এ সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
৭. সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনিতে হইবে।
৮. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।
৯. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।
১০. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে।

ভাইস-চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে



(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার
জাতীয় বিশ্ববিদ্যালয়